

## যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৪১

১/ বিবিধ

আরবী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ مَفْتَاحُ كُلِّ كِتَابٍ  
ضَعِيفٌ جَدًا

رواه الخطيب في "الجامع" كما في "المنتقى منه" (19 / 1) عن علي بن العباس:  
حدثنا عباد بن يعقوب أخبرنا عمر بن مصعب عن فرات بن أحنف عن أبي جعفر  
محمد بن علي مرفوعاً. وهذا إسناد ضعيف جداً مسلسل بالضعفاء والعلل، فإنه مع  
كونه مرسلاً أو معملاً سقط من إسناده الصحابي والتابعي على الأقل، فإن كل من  
دون أبي جعفر وهو الباقي متكلّم فيهم

1 - فرات بن أحنف، أورده الذهبي في "الضعفاء والمتردّفين"، وقال: "ضعفه  
النسائي وغيره"

2 - عمر بن مصعب، أورده العقيلي ثم الذهبي في "الضعفاء"

3 - عباد بن يعقوب، وهو الرواجي، قال الذهبي في "الميزان": "من غلة الشيعة.  
ورؤوس البدع، لكنه صدوق في الحديث، وعنه البخاري في "الصحيح" مقوّناً بأخر  
قال في "الضعفاء": "قال ابن حبان: رافضي داعية"

4 - علي بن عباس، لم أعرفه. والحديث بيض له المناوي فلم يتكلّم على إسناده  
 بشيء، ولعله اكتفى بإعلاله بالإرسال أو الإعصار، وبالتالي أعله السيوطي في "الجامع"

১৭৪১। বিসমিল্লাহির রহমানির রহীম প্রতিটি গ্রন্থের চাবি।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটিকে খাতীব বাগদাদী “আলজামে” গ্রন্থে যেমনটি “আলমুনতাকা মিনহ” গ্রন্থে (১/১৯) এসেছে ‘আলী ইবনুল আবাস হতে, তিনি আবাদ ইবনু ইয়াকুব হতে, তিনি উমার ইবনুল মুসায়াব হতে, তিনি ফুরাত ইবনু আহনাফ হতে, তিনি আবু জাফার মুহাম্মাদ ইবনু আলী হতে মারফু’ হিসেবে বর্ণনা করেছেন।

এ সনদটি খুবই দুর্বল। ধারাবাহিকভাবে দুর্বল এবং সমস্যা জরুরিত বর্ণনাকারী থাকার কারণে। এটি মুরসাল অথবা মু’যাল হওয়া সত্ত্বেও এর সনদ হতে কমপক্ষে সাহাবী এবং তাবোঈকে ফেলে দেয়া হয়েছে। আর আবু জাফার বাকেরের নিচের বর্ণনাকারীগণ সমালোচিতঃ

১। ফুরাত ইবনু আহনাফকে হাফিয় যাহাবী “আয়যুয়াফা অলমাতরুকীন” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তাকে নাসাঈ প্রমুখ দুর্বল আখ্যা দিয়েছেন।

২। উমার ইবনু মুস’য়াবকে ওকাইলী অতঃপর যাহাবী “আয়যুয়াফা” গ্রন্থে উল্লেখ করেছেন।

৩। আবাদ ইবনু ইয়াকুব হচ্ছেন রংওয়ায়েনী, হাফিয় যাহাবী “আলমীয়ান” গ্রন্থে বলেনঃ তিনি চরমপন্থী শিয়া এবং বিদ’আতের প্রধান, তবে তিনি হাদীসের ক্ষেত্রে সত্যবাদী। ইমাম বুখারী তার থেকে তার “সহীহ” গ্রন্থে হাদীস বর্ণনা করেছেন তবে অন্যের সাথে মিলিয়ে।

তিনি (যাহাবী) “আয়যুয়াফা” গ্রন্থে বলেনঃ ইবনু হিরান বলেনঃ তিনি রাফেয়ী দাঙ্গি।

৪। আলী ইবনু আবাসকে আমি চিনি না।

হাদীসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

৩ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72624>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন